

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯২৮

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৬

২৬ নভেম্বর ২০১৯

বিষয়: দিনাজপুর জেলার হিলি এলএসডি'র পরিবর্তে নওগাঁ সদর এলএসডি হতে রেলপথে ১৩৫০ মে.টন বোরো'১৯ সিদ্ধ চাল প্রেরণের অনুমোদন প্রদান।

সূত্র: ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৪/১১/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯০৭ নং স্মারক।


২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর এর ২৪/১১/২০১৯ খ্রি. তারিখের ১৩.০৮.২৭০০.০০৫.৫০.০০১.১৮. (অংশ-৪).৮৯৫৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, দিনাজপুর জেলার হিলি এলএসডি হতে রেল পথে ৪/৭ নং ঘাট, খুলনা মাধ্যমে ভোলা জেলার লালমোহন এলএসডিতে-৩০০ মে.টন, বরিশাল জেলার শিকাপুর এলএসডিতে-৩০০ মে.টন, গৌরনদী এলএসডিতে-৩০০ মে.টন এবং খুলনা সিএসডিতে ৪৫০ মে.টনসহ মোট ১৩৫০ মে.টন বোরো'১৯ সিদ্ধ চালের চলাচল সূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকে পত্রে উল্লেখ করা হয়েছে, হিলি স্টেশনটিতে কোনো কর্মচারি নিয়োজিত নেই। শুধুমাত্র মেইন লাইন দিয়ে ট্রেন চলাচল করে থাকে। খাদ্যশস্য লোডিং-আনলোডিং এর ওয়াগন লুপ লাইনে দেয়া প্রয়োজন। কিন্তু স্টেশন বন্ধসহ কর্মচারি না থাকায় লুপ লাইনের সংযোগ বন্ধ রয়েছে এবং রেল সাইডিং অকার্যকর অবস্থায় রয়েছে। ফলে হিলি এলএসডি হতে সূচিকৃত চাল রেলপথে পরিবহণ করা সম্ভব হবে না মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, দিনাজপুর জেলার হিলি এলএসডি'র রেল স্টেশনটি খাদ্যশস্য লোডিং-আনলোডিং দীর্ঘদিন অকার্যকর থাকায় হিলি এলএসডি'র পরিবর্তে নওগাঁ সদর এলএসডি হতে রেল পথে ১৩৫০ মে.টন চাল ৪/৭ নং ঘাট খুলনা এর মাধ্যমে নৌপথে ভোলা জেলার লালমোহন এলএসডিতে-৩০০ মে.টন, বরিশাল জেলার শিকারপুর এলএসডিতে-৩০০ মে.টন, গৌরনদী এলএসডিতে-৩০০ মে.টন, ঝালকাঠি জেলার রাজাপুর এলএসডিতে-৩০০ মে.টন এবং খুলনা সিএসডিতে ১৫০ মে.টনসহ মোট ১৩৫০ মে.টন বোরো'১৯ সিদ্ধ চাল প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

পরিবহণের ক্ষেত্রে পালনীয় শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৬-১১-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর।
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯২৮/১(১১)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৬  
২৬ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক ....., ।
- ১০) ব্যবস্থাপক ....., সিএসডি।
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি।



২৬-১১-২০১৯

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক